# দক্ষিণ কোরিয়াকে গোলবন্যায় ভাসিয়ে ব্রাজিলের প্রীতি ম্যাচে দাপুটে জয়



সংগৃহীত ছবি

প্রীতি ম্যাচে গোলের আতশবাজি ছড়িয়েছে ব্রাজিল। এস্তেভাওয়ের জোড়া গোল, রদ্রিগোর দ্বৈত সাফল্য আর ভিনিসিয়াসের গোল—এই ত্রয়ীর নৈপুণ্যে দক্ষিণ কোরিয়াকে ৫-০ ব্যবধানে উড়িয়ে দিয়েছে সেলেসাওরা।

প্রীতি ম্যাচ হলেও মাঠে নামার পর থেকেই যেন বিশ্বকাপ ফাইনালের আবহ তৈরি করে ব্রাজিল। প্রথম মিনিট থেকেই দারুণ ছন্দে খেলে দক্ষিণ কোরিয়াকে চাপে রাখে কার্লো অ্যানচেলোত্তির দল। ম্যাচের ১৩তম মিনিটেই এস্তেভাও উইলিয়ান অসাধারণ এক ফিনিশিংয়ে দলকে এগিয়ে নেন।

এরপর ৪১ মিনিটে রদ্রিগো গোয়েসের দারুণ গোল ব্রাজিলকে ২-০ ব্যবধানে স্বস্তি এনে দেয়। বিরতির পরও থামেনি সেলেসাওদের আক্রমণ। দ্বিতীয়ার্ধের শুরুতেই (৪৭ মিনিটে) আবারও গোল করেন এস্তেভাও, নিজের দ্বিতীয় এবং দলের তৃতীয়টি।

মাত্র দুই মিনিট পর রদ্রিগো করেন তাঁর দ্বিতীয় গোল, তাতে ব্যবধান দাঁড়ায় ৪-০। শেষ দিকে ৭৭ মিনিটে কাউন্টার অ্যাটাকে ভিনিসিয়াস জুনিয়র যোগ করেন পঞ্চম গোলটি, যা ম্যাচের শেষ রঙিন মুহূর্ত হয়ে থাকে।

পুরো ম্যাচে কোরিয়ার গোলমুখে ১৪ বার আক্রমণ করে ব্রাজিল, যার বেশিরভাগই ছিল স্পষ্ট সুযোগ। মাঠে গতি, কৌশল আর নিখুঁত সমন্বয়ে যেন পুরোনো ব্রাজিলকেই মনে করিয়ে দিল এই জয়।

LENS ASIA